

আজি এই গন্ধবিধুর সমীরণে  
 কার সন্ধানে ফিরি বনে বনে ॥  
 আজি ক্ষুধা নীলাম্বরমাঝে একি চঞ্চল ক্রন্দন বাজে ।  
 সুদূর দিগন্তের সঙ্করণ সঙ্গীত লাগে মোর চিন্তায় কাজে—  
 আমি খুঁজি কারে অন্তরে মনে গন্ধবিধুর সমীরণে ॥  
 ওগো, জানি না কী নন্দনরাগে  
 সুখে উৎসুক যৌবন জাগে ।  
 আজি আশ্রমুকুলসৌগন্ধে, নব পল্লবমর্মরছন্দে,  
 চন্দ্রকিরণসুধাসিঞ্চিত অম্বরে অক্ষরস মহানন্দে,  
 আমি পুলকিত কার পরশনে গন্ধবিধুর সমীরণে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Tritaal, Raag: Paraj-Basanta  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail